



শ্রেণি: নবম

বিষয়: বাংলা ১ম(বাংলা সাহিত্য)

আজকের পাঠ: পল্লিজননী (১ম পর্ব)

জ্ঞানমূলক প্রশ্ন:

১. কবি জসীম উদদীনের কোন কাব্যগ্রন্থটি বিভিন্ন ভাষায় অনূদিত হয়েছে?
২. কার আলোয় আলোকিত থমথম কালরাত?
৩. 'পল্লি জননী' কবিতায় মা সন্তানের জন্য নামাজের ঘরে কী মানত করে?
৪. জসীমউদদীন পল্লি কবি হিসেবে খ্যাত কেন?
৫. কবিতায় কোন বিষয়টি প্রধান হয়ে উঠেছে?
৬. কবি জসীম উদদীন ডি.লিট ব্যতীত আর কোন পুরস্কার পান ?
৭. কার পাখার বাতাসে সুপারির বন হেলে পড়ে?
৮. বাঁশ বনে কোন পাখি ডাকে?
৯. পচান শব্দের অর্থ কী?
১০. পান্ডুর শব্দের অর্থ কী?
১১. কানা কুয়ো কোথায় বসে ডাকে?
১২. কবিতায় কবি কুয়াশাকে কীসের সাথে তুলনা করেছেন?

অনুধাবনমূলক

১. মা নামাজের ঘরে মোমবাতি আর দরগায় দান মানেন কেন?
২. কানা কুয়োর ডাক মায়ের কানে অকল্যাণের সুর হয়ে বাজে কেন?
৩. শিয়রে বসে মাতা মনে মনে ছেলের আয়ু গুণছেন কেন?
৪. পল্লি জননী কবিতায় 'দুঃ ছাই ! কি শঙ্কায় মার পরান উঠিছে ভারি ।' চরণটিতে কী প্রকাশ পায়?
৫. 'বিরহী মায়ের একেলা পরাণ দোলে'-বলতে কী বুঝিয়েছেন?